



বাংলাদেশ মেডিক্যাল এসোসিয়েশন (বিএমএ)

BANGLADESH MEDICAL ASSOCIATION(BMA)

সভাপতি

ডা. মোস্তফা জালাল মহিউদ্দিন

মহাসচিব

ডা. মোঃ ইহতেশামুল হক চৌধুরী

আরক নংঃ বিএমএ/২০১৯/

তারিখঃ ০৯-০৭- ২০১৯ খ্রিঃ

প্রেস বিজ্ঞপ্তি

বাংলাদেশ মেডিক্যাল এসোসিয়েশনের সভাপতি ও মহাসচিব পত্রিকায় প্রকাশের জন্য নিম্নলিখিত বিবৃতি প্রদান করেনঃ-

বাংলাদেশ মেডিক্যাল এসোসিয়েশন (বিএমএ), গভীর উদ্বেগের সাথে লক্ষ্য করছে যে, বিগত ২১/০৫/২০১৯ খ্রিঃ তারিখে মরিয়ম জাহান মুনি নামীয় এক রোগীর শরীরে নার্স কর্তৃক ভুল ইনজেকশন প্রদানের কারণে রোগীর শারীরিক অবস্থার অবনতি হওয়ার প্রেক্ষিতে ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতাল, গোপালগঞ্জ-এ অনাকাঙ্খিত ঘটনার সূত্রপাত হয়। এই ঘটনার রেশ ধরে রোগীর চাচা ঘটনার সাথে সামান্যতম সংশ্লিষ্টতা না থাকা সত্ত্বেও গোপালগঞ্জ শেখ সায়েরা খাতুন মেডিকেল কলেজ এর সহকারী অধ্যাপক (চাচাঃ), ডা. তপন কুমার মন্ডল -কে অভিযুক্ত করে গোপালগঞ্জ সদর থানায় মামলা দায়ের করেন। উল্লেখ্য যে, স্থানীয় কর্তৃপক্ষের তদন্তে ঘটনার সাথে ডা. তপন কুমার মন্ডল এর সংশ্লিষ্টতার কোন প্রমাণ মেলেনি। এ মিথ্যা অভিযোগের রেশ ধরে তিনি এখন জেল হাজতে। তদন্ত কমিটি কর্তৃক নির্দোষ প্রমাণিত ডা. তপন কুমার মন্ডলের জেল হাজতে প্রেরণের বিষয়টি উদ্বেগজনক এবং এর মাধ্যমে চিকিৎসা সেবা পেশার স্বাভাবিক গতিতে বিরুদ্ধ প্রতিক্রিয়ার সৃষ্টি হতে পারে।

কেন্দ্রীয় বিএমএ অবিলম্বে ডা. তপন কুমার মন্ডলের বিরুদ্ধে মিথ্যা মামলা প্রত্যাহারের পাশাপাশি তার মুক্তির দাবি জানাচ্ছে।

বরাবর

বার্তা সম্পাদক/ প্রধান প্রতিবেদক

জনাব,

বাংলাদেশ মেডিক্যাল এসোসিয়েশন এর পক্ষ থেকে আন্তরিক শুভেচ্ছা। আপনার বহুল প্রচারিত/ সম্প্রচারিত দৈনিক পত্রিকা/ চেলিভিশনে প্রেস বিজ্ঞপ্তি আকারে প্রকাশের জন্য অনুরোধসহ প্রেস বিজ্ঞপ্তিটি প্রেরণ করা হল।

বার্তা প্রেরক-

ডা. মোস্তফা শেখ শহীদ উল্লাহ

দপ্তর সম্পাদক

বাংলাদেশ মেডিক্যাল এসোসিয়েশন